UCEP Bangladesh

# ইউসেপ বাংলাদেশ

## পুরাতন/ব্যবহৃত গাড়ি দরপত্র সিডিউল ক্রয়ের শর্তাবলী

ইউসেপ বাংলাদেশ এর দুটি ব্যবহৃত গাড়ি (টয়োটা মাইক্রোবাস ২০০৬, রেজিস্ট্রেশন নম্বর: ঢাকা মেট্রো চ-৫৩-৭০৪৮ এবং ঢাকা মেট্রো থ-১১-৭৭৮৪, নিশান, ডবল কেবিন পিকআপ, মডেল: ২০১০, সিসি ২৪০০) শর্তসাপেক্ষে বিক্রয়ের জন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরদাতাগনকে নিম্নোক্ত শর্তাবলী মেনে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

১) প্রতিষ্ঠানের ক্ষেত্রে লেটার হেড প্যাডে দরপত্র দাখিল করতে হবে।

২) কোন ব্যক্তি গাড়ি ক্রয় করতে চাইলে জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি এবং টিন সার্টিফিকেট এর ফটোকপি দাখিল করতে হবে।

৩) দরপত্র মুখবন্ধ খামে দাখিল করতে হবে এবং খামের উপরে অবশ্যই গাড়ির রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে।

৪) প্রতিষ্ঠানের ক্ষেত্রে দরদাতাকে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্ট্রেশন এর ফটোকপি দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। (কর্তৃপক্ষের প্রয়োজনে সকল দরদাতাকে প্রয়োজনীয় সকল কাগজপত্র সরবরাহ করতে হবে।)

৫) দরদাতাকে উদ্ধৃত মূল্যের উপর ২.৫% টাকা 'ইউসেপ বাংলাদেশে' এর অনুকূলে আর্নেস্ট মানি হিসাবে যেকোন তফসিল ব্যাংক হতে ক্রয়কৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

৬) উদ্ধৃত মূল্যের উপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশ মোতাবেক আয়কর ও ভ্যাট প্রযোজ্য হবে।

৭) দরপত্রের সঙ্গে ইউসেপ বাংলাদেশ হতে সিডিউল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে। যাঁহার মূল্য ১০০০.০ টাকা (অফেরত যোগ্য)।

৮) সর্বোচ্চ দরদাতা কোন কারনে গাড়িটি নিতে অস্বীকৃতি জানালে তার আর্নেস্ট মানি 'ইউসেপ বাংলাদেশ' অনুকূলে বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৯) ০৮/০৩/২০২৬ ইং তারিখে দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত ইউসেপ বাংলাদেশ এর প্রধান কার্যালয়, প্লট নং-২৩৩, মিরপুর-২, ঢাকা-১২১৬ ঠিকানায় দ্বিতীয় তলায় রক্ষিত টেন্ডার বক্সে মুখবন্ধ খামে দরপত্র দাখিল করা যাবে এবং উক্ত দিনে দুপুর ২.৩০ ঘটিকায় দরপত্র দাখিলকারী বা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

১০) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

গাড়িটি আগামী ০৫/০৩/২০২৬ তারিখ পর্যন্ত প্রতি কার্যদিবসে (শুক্র-শনিবার ব্যতীত) সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত সময়ে ম্যানেজার প্রশাসন, (ফোন নম্বর: ০২-৪১০০২৪৫৬-৬২) এর সঙ্গে যোগাযোগ করে এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করে পরিদর্শন করা যাবে।

UCEP Bangladesh: Plot # 2 & 3, Mirpur-2, Dhaka-1216, GPO Box No. 482
info@ucepbd.org
https://www.ucepbd.org
+88-02-41002456-57, +88-02-41002459-62, +88-02-41002468

ISO 9001:2015 CERTIFIED NGO

UCEP Bangladesh

# ইউসেপ বাংলাদেশ

## পুরাতন/ব্যবহৃত গাড়ি বিক্রয়ের সিডিউল

| ক্রমিক নং | গাড়ির রেজিস্ট্রেশন নম্বর ও বিবরণ: | প্রস্তাবিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকা মেট্রো চ-৫৩-৭০৪৮, টয়োটা মাইক্রোবাস ২০০৬, সিসি: ১৮০০ | | |
| ২ | ঢাকা মেট্রো থ-১১-৯৭৮৪, নিশান, ডবল কেবিন পিকআপ, মডেল: ২০১০, সিসি: ২৪০০ | | |
| মোট মূল্য (ভ্যাট ও ট্যাক্সসহ)<br>কথায়: | | | |

**পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর বিবরণ:**

টাকার পরিমাণ: ড্রাফট নং:

ব্যাংকের নাম: তারিখ:

বিঃদ্রঃ উল্লেখিত তথ্যে কোন রুপ ঘষামাজা করা যাবে না।

স্বাক্ষর:

দরদাতার নাম:

প্রতিষ্ঠানের নাম:

যোগাযোগের ঠিকানা:

মোবাইল বা ফোন নম্বর:
তারিখ:

UCEP Bangladesh: Plot # 2 & 3, Mirpur-2, Dhaka-1216, GPO Box No. 482
info@ucepbd.org
https://www.ucepbd.org
+88-02-41002456-57, +88-02-41002459-62, +88-02-41002468

ISO 9001:2015 CERTIFIED NGO